



জব ফেয়ার উপলক্ষে যুব কর্মসংস্থান সোসাইটি গতকাল সাংবাদিক সম্মেলনের আয়োজন করে নয়া দিগন্ত

২ দিনের চাকরিমেলা শুরু হচ্ছে আজ '৩শ' বেকার যুবকের ভাগ্য খুলবে

অর্থনৈতিক প্রতিবেদক

আজ চাকরি ওসমানী স্মৃতি মিলনায়তনে শুরু হচ্ছে দু'দিনের জব ফেয়ার (চাকরি মেলা)। এতে দেশের বিভিন্ন মাধ্যমের মোট ২২টি প্রতিষ্ঠান অংশ নিচ্ছে। তারা তিনশ'র বেশি বেকার যুবককে তাদের প্রতিষ্ঠানের জন্য বেছে নেবেন। নিয়োগপত্র হস্তান্তর করা হবে আগামীকাল সন্ধ্যায় ফেয়ারের সমাপনী অনুষ্ঠানে। যুব কর্মসংস্থান সোসাইটি (যুবক) এর আয়োজক। গতকাল জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে এ সব তথ্য জানানো হয়।

এতে জব ফেয়ার কমিটির চেয়ারম্যান হোসাইন আল মাসুম জানান, ৫টি আলাদা আলাদা ইন্টারভিউ বোর্ড আজ সকাল ১১টা থেকে বিকেল পর্যন্ত এবং আগামী কাল সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত ইন্টারভিউ'র মাধ্যমে তাদের প্রতিষ্ঠানের জন্য যোগ্য প্রার্থী নির্বাচন করবেন।

জব ফেয়ার উপলক্ষে একটি সেমিনারের আয়োজন থাকবে কাল। আজ বাছাই প্রক্রিয়ার পাশাপাশি বিকেল ৩টা'র থাকবে কাউন্সেলিং। এর দুটো সেশন পরিচালনা করবে ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি অব বাংলাদেশ এবং ইস্টার্ন ইউনিভার্সিটি। তারা চাকরি প্রার্থীদের সিডি রাইটিং, ইন্টারভিউ ফেইসসহ নানা বিষয়ে কাউন্সেলিং করবে।

অনুষ্ঠানে একটি আবেদনপত্র পাওয়া যাবে। সেখানে আবেদনপত্রটি পূরণ করে সাক্ষাৎকার দেয়া যাবে। এর জন্য কোনো রকম ফি দিতে হবে না। চাকরিদাতারা সাক্ষাৎকারের সময় যে

সব শর্ত দিবেন তা পরে মেনে চলতে হবে। জব ফেয়ারে বেশ কয়েকটি ক্যাটাগরিতে নিয়োগ প্রক্রিয়ার জন্য বাছাই করা হবে। এর মধ্যে নিয়োগকর্তা প্রতিষ্ঠান থেকে সর্বাধিক চাহিদা এসেছে প্রশাসন ও হিউম্যান রিসোর্স ডিপার্টমেন্টে। এতে মোট চাহিদা ১৯০ জনের। এ ছাড়া হিসাব রক্ষণ বিভাগে চাহিদা এসেছে ৩২টি পদের জন্য। ইঞ্জিনিয়ারিং সেকশনে চাহিদা এসেছে ৩৩ জনের। নিয়োগকর্তা প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে এগ্রোবেইজড, এনজিও, হাউজিং, হোল্ডিং, মেডিকেল, টেলিকম, প্রোডাক্ট ইন্ডাস্ট্রিজ ইত্যাদি।

নিয়োগকর্তা প্রতিষ্ঠানের মধ্যে বেশ কয়েকটি প্রতিষ্ঠান যুবককে তাদের পক্ষে নিয়োগের দায়িত্ব দিয়েছেন। যুবক-এর প্রাথমিক বাছাই শেষে নিয়োগকারী ওই ৫টি প্রতিষ্ঠান চূড়ান্ত সাক্ষাৎকার নিয়ে প্রার্থীদের চাকরি দেবে। যুবক এজন্য তাদের ওয়েবসাইটে আবেদন করার জন্য আহ্বান জানিয়েছিল। সেখানে যারা আবেদন করেছেন তাদের বাছাই প্রক্রিয়া ইতিমধ্যে শুরু হয়েছে বলে সাংবাদিক সম্মেলনে জানানো হয়। মেলায় প্রবেশের জন্য কোনো ফি লাগবে না।

সাংবাদিক সম্মেলনে আরো বক্তব্য রাখেন দৈনিক দেশ বাংলার সম্পাদক ফেরদৌস আহমদ কোরেশি। এ সময় উপস্থিত ছিলেন যুব কর্মসংস্থান সোসাইটির প্রকল্প পরিচালক সৈয়দ রাশেদুল হুদা চৌধুরী ও যুবক হাউজিং লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক লোকমান হোসাইন।